# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ২০৪

পর্ব-১: ত্বহারাহ্ (পবিত্রতা) (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১৩৪: হায়যের পর গোসল প্রসঙ্গে

## ذِكْرُ الِاغْتِسَالِ مِنْ الْحَيْضِ

আরবী

أَخْبَرَنَا الرَّبِيعُ بْنُ سُلَيْمَانَ بْنِ دَاوُدَ، قال: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ يُوسُفَ، قال: حَدَّثَنَا الْهَيْثَمُ بْنُ حُمَيْدٍ، قال: أَخْبَرَنِيالنُّعْمَانُ، وَالْأَوْزَاعِيُّ، وَأَبُو مُعَيْدٍ وَهُوَ حَفْصُ بْنُ غَيْلَانَ، عَنْ الزُّهْرِيِّ، قال: أَخْبَرَنِي عُرْوَةُ بْنُ الزُّبَيْرِ، وَعَمْرَةُ بِنْتُ عَبْدِ الرَّحْمَنِ، عَنْ عَائِشَةَ، قالت: اسْتُحِيضَتْ أُمُّ حَبِيبَةَ بِنْتُ جَحْشٍ امْرَأَةُ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْفٍ وَهِيَ أُخْتُ زَيْنَبَ بِنْتِ جَحْشٍ، فَاسْتَفْتَتْ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَقَالَ لَهَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنَّ هَذِهِ لَيْسَتْ بِالْحَيْضَةِ وَلَكِنْ هَذَا عِرْقٌ، فَإِذَا أَدْبَرَتِ الْحَيْضَةُ فَاغْتَسِلِي وَصَلِّي، وَإِذَا أَقْبَلَتْ فَاتْرُكِي لَهَا الصَّلَاةَ . قَالَتْ عَائِشَةُ: فَكَانَتْ تَغْتَسِلُ لِكُلِّ صَلَاةٍ وَتُصَلِّي، وَكَانَتْ تَغْتَسِلُ أَحْيَانًا فِي مِرْكَنٍ فِي حُجْرَةِ أُخْتِهَا زَيْنَبَ وَهِيَ عِنْدَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، حَتَّى أَنَّ حُمْرَةَ الدَّمِ لَتَعْلُو الْمَاءَ، وَتَخْرُجُ فَتُصَلِّي مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَمَا يَمْنَعُهَا ذَلِكَ مِنَ الصَّلَاةِ.

تخريج دارالدعوه: انظر ما قبله، ولكن لا يوجد عند مسلم قوله: وتخرج فتصلى۔۔۔“ (تحفة الأشراف: ١٧٩٢٢) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 204 ۔ صحيح م دون قوله وتخرج فتصلي ...

বাংলা

২০৪. রবী ইবনু সুলায়মান ইবনু দাউদ (রহ.) ..... 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, 'আবদুর রহমান ইবনু আওফ (রাঃ)-এর স্ত্রী উম্মু হাবীবাহ্ বিনতু জাহ্শ (রাঃ) যিনি ছিলেন উম্মুল মু'মিনীন যায়নাব বিনতু জাহশ (রাঃ)-এর বোন, তিনি ইস্তিহাযায় ভুগছিলেন। 'আয়িশাহ্ (রাঃ) বলেন, তিনি রাসূলুল্লাহ (সা.) - এর কাছে এ বিষয়ে ফতোয়া জিজ্ঞেস করলে রাসূলুল্লাহ (সা.) তাঁকে বললেন, এটা হায়য নয়। এটা একটি শিরার রক্ত মাত্র। অতএব যখন হায়য বন্ধ হয়ে যায় তখন গোসল করবে এবং সালাত আদায় করবে। আবার যখন হায়য আরম্ভ হবে তখন সালাত ছেড়ে দিবে। আয়িশাহ (রাঃ) বলেন, এরপর তিনি প্রত্যেক সালাতের জন্যে গোসল করতেন এবং সালাত আদায় করতেন। কোন কোন সময় তিনি তাঁর বোন যায়নাব রাসূলুল্লাহ (সা.) -এর কাছে থাকাকালীন সময়ও তার কক্ষের টবে গোসল করতেন। এমনকি রক্তের লাল রং পানির উপর ফুটে উঠত। তিনি বের হতেন এবং রাসূলুল্লাহ (সা.)-এর সঙ্গে সালাতে শরীক হতেন। এটা তাকে সালাতে বাধা প্রদান করত না।

## English

134. Mention Of Ghusl After Menstruation

It was narrated that 'Aishah said: Umm Habibah bint Jahsh- the wife of 'Abdur-Rahman bin 'Awf and the sister of Zainab bint Jahsh - suffered Istihadah (non-mentrual vaginal bleeding). She said: She consulted the Messenger of Allah (ﷺ) and the Messenger of Allah (ﷺ) said to her: 'That is not menstruation, rather that is a vein. When you period goes, perform Ghusl and pray, and when it comes, stop praying (for that period).' 'Aishah said: She used to perform Ghusl for every prayer and pray. Sometimes she would perform Ghusl in a washtub in the room of her sister Zainab when she was with the Messenger of Allah (ﷺ) and the water would turn red with blood, then she would go out and pray with the Messenger of Allah (ﷺ). That did not stop her from praying.

## ফুটনোট

সহীহ: বুখারী ৩২৭, মুসলিম ৩৩৪। [দ্রঃ ২০৩]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি ▯ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86475

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন